

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৬

ধর্মনগর, ৫ এপ্রিল, ২০২৪

ধর্মনগর ও কাঞ্চনপুর মহকুমার ভারত-বাংলাদেশ
সীমান্তে মানুষের চলাচলের উপর বিধিনিষেধ আরোপ

জনজীবনে শান্তি ও নিরাপত্তা বজায় রাখতে উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক এক আদেশে উত্তর জেলার ধর্মনগর ও কাঞ্চনপুর মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্ত এলাকার ৫০০ মিটার এলাকায় জনসাধারণের চলাচলের উপর বিধিনিষেধ আরোপ করেছেন। এই আদেশ গত ৪ এপ্রিল থেকে কার্যকর হয়েছে এবং তা আগামী ২ জুন, ২০২৪ পর্যন্ত বলবৎ থাকবে। সিআরপিসি-এর ১৪৪ ধারায় এই বিধিনিষেধ উক্ত তারিখে প্রতিদিন সন্ধ্যা ৬টা থেকে পরদিন সকাল ৬টা পর্যন্ত বলবৎ থাকবে। তবে আইন শৃঙ্খলার কাজে নিযুক্ত পুলিশ, আধাসামরিক বাহিনীর জওয়ান, পুলিশ সুপার ও মহকুমা শাসকের থেকে অনুমতিপ্রাপ্ত ব্যক্তি, জরুরি পরিষেবার সাথে যুক্ত সরকারি কর্মী, তাৎক্ষণিক চিকিৎসা প্রয়োজন এমন রোগীদের ক্ষেত্রে এই আদেশ প্রযোজ্য হবে না। এই আদেশ অমান্য করলে সিআরপিসি-র ১৮৮ ধারায় ব্যবস্থা নেওয়া হবে।
